

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা।


বিষয় : তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান প্রসংগে।

সূত্র : (১) জনাব ইউসুফ আরেফিন এর পত্র নং-নাই, তারিখঃ ২০/০৬/২০২৩ খ্রি.  
(২) স্বাস্থ্য সেবা বিভাগের নং-৪৫.০০.০০০০.১৭৬.২৭.০০৬.২২-২৮৪ তারিখঃ ০৬/০৭/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ইউসুফ আরেফিন, পিতা-আবদুল মান্নান, নিউমার্কেট সিটি কমপ্লেক্স, লেবেল-৬, নিউমার্কেট, ঢাকা তথ্য অধিকার আইন-২০০৯ এর তথ্য প্রাপ্তির আবেদনপত্র ফরম 'ক' অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব মোঃ রেয়াজুল হক দায়িত্ব নেওয়ার পর থেকে এখন পর্যন্ত মোট কতবার বিদেশ সফর করেছেন? এছাড়া স্বাস্থ্য সেবা বিভাগের উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১) মো. সাদেকুল ইসলাম ও উপসচিব নির্মাণ শাখা মুহাম্মদ শাহাদত খন্দকার গত ১(এক) বছরে মোট কতবার বিদেশ সফর করেছেন? কি কারণে তারা বিদেশ সফর করেছেন? এ বিষয়ে তথ্য চেয়ে আবেদন করেছেন। স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা হতে ২য় সূত্রস্থ পত্রের মাধ্যমে চাহিত তথ্যাদি ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রদানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, জনাব ইউসুফ আরেফিন, পিতা-আবদুল মান্নান, নিউমার্কেট সিটি কমপ্লেক্স, লেবেল-৬, নিউমার্কেট, ঢাকা এর চাহিত তথ্যাদি আগামী ০২(দুই) কর্মদিবসের মধ্যে প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী ২০(বিশ) কর্মদিবসের মধ্যে তথ্য প্রদানের বাধ্য-বাধকতা রয়েছে।

সংযুক্তি : ০১(এক) পাতা।

  
(এস এম জাহান) (স্বাক্ষর)  
উপসচিব  
ফোনঃ ৫৫১০১২৫৭

বিতরণ :

- ১। জনাব মোঃ রেয়াজুল হক, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। জনাব মো. সাদেকুল ইসলাম, উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। জনাব মুহাম্মদ শাহাদত খন্দকার, উপসচিব (নির্মাণ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি :

- ১। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব ইউসুফ আরেফিন, পিতা-আবদুল মান্নান, নিউমার্কেট সিটি কমপ্লেক্স, লেবেল-৬, নিউমার্কেট, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

ইউ.ও নোট নং- ৪৫.০০.০০০০.১৭৬.২৭.০০৮.২১-২৯১

তারিখ: ১৮.০৭.২০২৩ খ্রি.